

**বিশ্বিং ক্লাইমেট রেজিলিয়েন্ট লাইভিলিহুডস ইন ভালনারেবল ল্যান্ডস্কেপস ইন বাংলাদেশ প্রকল্প**  
**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা**  
**উপজেলা কৃষি আবহাওয়া পরামর্শ বুলেটিন (১৫ ফেব্রুয়ারী ২০২৬)**

আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন উপজেলা: ভোলাহাট

তারিখ: ১৫-০২-২০২৬

গত ৩ দিনের আবহাওয়ার পরিস্থিতি: ১২.০২.২০২৬ থেকে ১৪.০২.২০২৬ তারিখ পর্যন্ত

জেলা: চাপাইনবাবগঞ্জ

বুলেটিন নম্বর: ১২৩

পূর্বাভাসের সময়কাল	১২-০২-২০২৬	১৩-০২-২০২৬	১৪-০২-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০	০	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৫.৬	২৭.৫	২৭.৯
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	১৪.৪	১৫.৬	১৫.২
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৪৩	৪৭	৪৩
বাতাসের গতিবেগ (কিমি/ ঘণ্টা)	০৯	১০	১০
বাতাসের দিক	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ৪ দিনের আবহাওয়ার পূর্বাভাস: ১৫.০২.২০২৬ থেকে ১৮.০২.২০২৬ তারিখ পর্যন্ত

পূর্বাভাসের সময়কাল	১৫-০২-২০২৬	১৬-০২-২০২৬	১৭-০২-২০২৬	১৮-০২-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০	০	০	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৬	২৮	৩০	৩০
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	১২	১২	১১	১১
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৫০	৪৭	৪৬	৪১
বাতাসের গতিবেগ (কিমি/ ঘণ্টা)	১২	১৩	১৩	১৩
বাতাসের দিক	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম

Source: <https://usf.bmd.gov.bd/>

সময়কাল: ১৫ ফেব্রুয়ারী ২০২৬ – ১৮ ফেব্রুয়ারী ২০২৬

গম: পর্যায়: দানা গঠন

- এ পর্যায়ে ভালো ফলনের জন্য ওয় সেচ প্রদান করুন।
- আগামী চার দিনে কোনও বৃষ্টিপাতের সম্ভাবনা নেই এবং শুষ্ক আবহাওয়া বিরাজ করার সম্ভাবনা রয়েছে।
- ফুল ফোটার সময় জমিতে পর্যাপ্ত পানি না থাকলে গমের ফলন হ্রাস পেতে পারে।
- জমিতে রস না থাকলে হালকাভাবে সেচ প্রয়োগ করতে হবে।
- বর্তমান আবহাওয়ায় রাত থেকে সকাল পর্যন্ত হালকা থেকে মাঝারি কুয়াশা থাকলে ব্লাস্ট রোগ হওয়ার সম্ভাবনা থাকে, সেজন্য নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করতে হবে। ব্লাস্ট রোগ দেখা দিলে, নাটিভো-৭৫ ডিলিউজি ৬.০গ্রাম/লিটার পানিতে মিশিয়ে স্প্রে করুন।
- ফসলের এই পর্যায়ে এবং অনুকূল আবহাওয়ায়, দেরিতে বপন করা গম ফসলে উইপোকাকার উপদ্রব দেখা দিতে পারে। যদি গমের ক্ষেতে উইপোকাকার উপদ্রব দেখা যায় তবে ক্লোরপাইরিফস গুপের কীটনাশক ৪.০মিলি/লি: হারে পানির সাথে মিশিয়ে সন্ধ্যা বেলায় মাটিতে স্প্রে করার পরামর্শ দেওয়া হলো।
- ফসলের এই পর্যায়ে এবং অনুকূল আবহাওয়ায় গমে পাতার মরিচা রোগের আক্রমণ হতে পারে। লক্ষণ দেখা গেলে ছত্রাক নাশক টিল্ট ২৫০ ইসি ০.৫মিলি/লি: পানিতে মিশিয়ে ১২-১৫ দিন অন্তর ২-৩ বার স্প্রে করুন।

আম:

- আমের মুকুল আসার পূর্বেই প্রয়োজনে একটি স্প্রে করতে হবে। মুকুল আসার আগেই ঘন কুয়ামাছন আবহাওয়া বিরাজ করলে মুকুল বের হওয়ার ১৫-২০ দিন পূর্বে সাইপারমেথ্রিন গুপের কীটনাশক ০১ মিলি এবং সালফার গতিত ছত্রাকনাশক ০২ গ্রাম পানিতে মিশিয়ে স্প্রে করুন। এই স্প্রে করলে হপার পোকা এবং সুটি মোল্ড ছত্রাকের আক্রমণ কমে।
- আমের মুকুলে ফুল ফোটার পূর্বে গাছে যখন মুকুল ৪-৬ ইঞ্চি হয়, তখন ০১ লিটার পানিতে ইমিডাক্লোপ্রিড গুপের কীটনাশক তরল ০.৫ মিলি এবং ম্যানকোজেব জাতীয় ছত্রাকনাশক ০২ গ্রাম মিশিয়ে সমস্ত গাছ ভিজিয়ে স্প্রে করুন।
- সূত্র: কৃষি তথ্য সার্ভিস রাজশাহী